



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ চলচ্চিত্র ও টেলিভিশন ইনস্টিটিউট
তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়

(অস্থায়ী কার্যালয়: জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউট
১২৫/এ দারুস সালাম, এ. ডব্লিউ. চৌধুরী রোড, ঢাকা-১২১৬)
ই-মেইল: bctibd2013@gmail.com ওয়েবসাইট: www.bcti.gov.bd

নং- ১৫.৬৪.০০০০.২৫.০০১.২৪.১৮১২

তারিখ: ১১ মার্চ, ২০২৪

ভর্তি বিজ্ঞপ্তি

২য় চলচ্চিত্র ও টেলিভিশনে সম্পাদনা প্রশিক্ষণ পাঠ্যধারা 2nd Editing Course for Cinema and Television Production Training Course

বাংলাদেশ চলচ্চিত্র ও টেলিভিশন ইনস্টিটিউট-এ ০৪ (চার) সপ্তাহ মেয়াদি “২য় চলচ্চিত্র ও টেলিভিশনে সম্পাদনা প্রশিক্ষণ পাঠ্যধারা” বিষয়ক কোর্স-এর ভর্তির জন্য দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

কোর্সের শিরোনাম	:	“২য় চলচ্চিত্র ও টেলিভিশনে সম্পাদনা প্রশিক্ষণ পাঠ্যধারা” “2 nd Editing Course for Cinema and Television Production Training Course”
কোর্সের মেয়াদ	:	০৪ (চার) সপ্তাহ
আসন সংখ্যা	:	২০ জন।
প্রশিক্ষণ সময়	:	সকাল ৯:৩০ টা থেকে বিকাল ৪:০০ টা পর্যন্ত। শুক্র, শনিবার এবং সরকারি ছুটির দিন বন্ধ। (পবিত্র রমজান মাসে সরকারি নির্দেশনা অনুযায়ী সময়সূচি পুনঃনির্ধারণ করা হবে।)
প্রশিক্ষণার্থীর যোগ্যতা	:	ন্যূনতম এইচ.এস.সি/সমমান।
প্রশিক্ষণের বিষয়	:	শট, সিন, সিকোয়েন্স, ফ্রেমিং, বেসিক কালার, হাতে-কলমে সম্পাদনা: সম্পাদনা সফটওয়্যার পরিচিতি, ফটোশপ, আফটার এফেক্টস, ইলাস্ট্রেটর, হাতে-কলমে সম্পাদনা, স্টোরি বেজড, মিউজিক, ফিকশন, ফিল্ম এডিটিং রাফ লাইন-আপ, রাফ-কাট, শব্দ সম্পাদনা (ডাবিং, ব্যাকগ্রাউন্ড, এফেক্ট, আবহ ও অন্যান্য শব্দ) সম্পাদনা, ভিজুয়াল ইফেক্টস, কম্পোজিটিং, মডেলিং ও থ্রি ডি এ্যানিমেশন সফটওয়্যার পরিচিতি ও প্রাথমিক ধারণা, সামাজিক মাধ্যম: ফেসবুক, ইউটিউব, ভিডিও, ইত্যাদি।
আবেদনের শেষ তারিখ	:	৩০ মার্চ, ২০২৪। আবেদনপত্র সরাসরি, অনলাইনে অথবা ডাকযোগে নির্ধারিত ঠিকানায় যথাসময়ে পৌঁছাতে হবে। সেক্ষেত্রে, অনলাইন থেকে ভর্তি ফরম ডাউনলোড করে নিতে হবে।
আবেদনপত্রে যেসব তথ্য থাকতে হবে	:	নাম, পিতা ও মাতার নাম, বয়স, শিক্ষাগত যোগ্যতা, স্থায়ী ও বর্তমান ঠিকানা, জাতীয় পরিচয়পত্রের নম্বর, প্রশিক্ষণ, অভিজ্ঞতা, মুঠোফোন নম্বর, ই-মেইল প্রভৃতি তথ্যাদিসহ জীবন-বৃত্তান্ত।
আবেদনপত্র প্রাপ্তির স্থান	:	ওয়েবসাইট: www.bcti.gov.bd এবং সরাসরি দপ্তর থেকে সংগ্রহ করা যাবে। আবেদনপত্রের মূল্য ২০০/- (দুইশত টাকা মাত্র) অনলাইন থেকে সংগৃহীত আবেদনপত্রের মূল্য বাছাই পরীক্ষার পূর্বে দপ্তরে কোর্স প্রশাসন বরাবর জমা দিতে হবে।
সংযুক্ত কাগজপত্রাদি	:	০২ কপি পাসপোর্ট সাইজের ছবি; শিক্ষাগত যোগ্যতার সত্যায়িত সনদ; জাতীয় পরিচয়পত্র, নাগরিকত্ব ও চারিত্রিক সনদ কপি।
বাছাই পরীক্ষা	:	০২ এপ্রিল ২০২৪ তারিখ, সকাল ১০.০০ মি. বিসিটিআই ক্যাম্পাসে অনুষ্ঠিত হবে। লিখিত অথবা মৌখিক পরীক্ষার মাধ্যমে প্রার্থীদের তালিকা চূড়ান্ত করা হবে।
প্রশিক্ষণ ফি	:	চূড়ান্ত মনোনীত প্রার্থীদের ৩,০০০/- টাকা (তিন হাজার টাকা মাত্র) বাংলাদেশ চলচ্চিত্র ও টেলিভিশন ইনস্টিটিউট-এর অনুকূলে ব্যাংক ড্রাফট অথবা পে-অর্ডারের মাধ্যমে জমা দিতে হবে।

প্রধান নির্বাহী, বাংলাদেশ চলচ্চিত্র ও টেলিভিশন ইনস্টিটিউট, অস্থায়ী কার্যালয়: জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউট, ১২৫/এ, দারুস সালাম, এ. ডব্লিউ. চৌধুরী রোড, ঢাকা-১২১৬ বরাবর নির্ধারিত তারিখের মধ্যে আবেদন পৌঁছাতে হবে। প্রার্থী নির্বাচনে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে বিবেচিত হবে। প্রয়োজনে প্রয়োজনীয় তথ্যাদির জন্য যোগাযোগ - ০১৬৭৭৭৩৮৯৯/০১৭৪৯৪৪৩৫০২। (রবিবার-বৃহস্পতিবার সকাল ৯:০০টা- বিকাল ৪:০০টা পর্যন্ত)।

(মো. জাহিদুল ইসলাম)

পরিচালক

বাংলাদেশ চলচ্চিত্র ও টেলিভিশন ইনস্টিটিউট